

ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ

মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ

২৯/১২/২০২১, সকাল-১১.০০ ঘটিকা

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃপরিশিষ্ট "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে ডিসেম্বর/২০২০ মাসের মাসিক সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায়সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তীগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
সভায় চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে; বিগত সময়ে খাদ্য বান্ধব রেশন কার্ডে র যে তালিকা হয়েছে। সেই তালিকায় একই পরিবারে ভিজিডি কার্ড ও আছে আবার রেশন কার্ড ও আছে। তাই ইউনিয়ন ভিত্তিক খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় রেশন কার্ডে র তালিকা সংশোধন করার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আগাতারাইল শাহাতাব বিশ্বাসের খালে অস্থায়ী বাধ নির্মাণের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ যে সকল পরিবার ভিজিডি ও খাদ্য বান্ধব কর্মসূচীর রেশন কার্ডে নাম আছে সেগুলোর তালিকা প্রস্তুত করে, নামের তালিকাসহ পরিবর্তনের জন্য লিখিত প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান।	১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া ২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া ৩। চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ

চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ

সভায় চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে; দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। সভায় তিনি বর্নি বিলের ধান চাষাবাদে ফসল উৎপাদনের সুবিধার্থে ও বিলে নবনাক্ত পানি যাতে প্রবেশ না করে সে জন্য ছোট দাড়ার খালে অস্থায়ী বাধ নির্মাণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	---	১। চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া
---	-----	--

চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান প্যানেল-১ জনাব সমির বিশ্বাস, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে; জোয়ারিয়া বিলের চাপরাইলে পানি উন্নয়ন বোর্ডের একটি গেট রয়েছে। কিন্তু গেটটির পাল্লা ভাঙা। যে কারণে উক্ত গেট দিয়ে পানি চলাচল নিয়ন্ত্রণ করা যাচ্ছেনা। গেটটি মেরামত করার জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী, বিএডিসি, কৃষি ও পানি উন্নয়ন বোর্ড কর্তৃক খাল খনন, গেট নির্মাণসহ যে ডিপার্টমেন্ট যে কাজ করছেন আগামী ১০ কার্যদিবসের মধ্যে তার তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার অনুরোধ জানান। এবং যে সকল স্থানে গেটের পাল্লা ভেঙে গেছে সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত সংস্কার করার জন্য অনুরোধ জানানো হয়।	১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া ২। উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া ৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, টুঙ্গিপাড়া ৪। সহকারী প্রকৌশলী, বিএডিসি, টুঙ্গিপাড়া ৫। চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া
---	---	---

চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ

সভায় চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে; গৃহ নির্মাণের জন্য "ক" শ্রেণীর তালিকা থেকে ৫টি নাম অফিসে জমা করা হয়েছে। কিন্তু বাঁশবাড়ীয়া চরে যেখানে ঘর হচ্ছে। উল্লেখিত স্থানে যে সকল পরিবার বসবাস করছেন। তারা প্রত্যেকেই ভূমিহীন। তাদের বিকল্প কোন জায়গা জমি নাই। উক্ত স্থান হতে তাদের উচ্ছেদ করা হলে। উল্লেখিত স্থানে বসবাসরত পরিবার গুলো কোথায় যাবে বা কি হবে? বলে প্রশ্ন রাখেন। সভায় তিনি আরও জানান যে, ডুমুরিয়া ইউনিয়নের গাংনী খালে চাষাবাদের সুবিধার্থে অস্থায়ী বাঁধ দেওয়া প্রয়োজন। এছাড়া মাতৃকালীন ভাতাভোগীদের জন্য মেডিকেল সার্টিফিকেট লাগে। কিন্তু যে সকল মা'য়েরা হাসপাতালে	সিদ্ধান্তঃ বাঁশবাড়ীয়া চরে সরেজমিনে পরিদর্শন করে উল্লেখিত স্থানে বসবাসরত পরিবারগুলোর সাথে সমন্বয় করে সিদ্ধান্ত নেওয়ার অনুরোধ জানানো হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া ২। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া ৪। চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া
---	--	--

ডেলিভারী না করিয়ে বাড়ীতে নরমাল ডেলিভারী হয়েছেন। তাদের মেডিকেল সার্টি ফিকেট হাসপাতাল হতে দিচ্ছেন না। এমতাবস্থায়, প্রকৃত মা'য়েরা মেডিকেল সার্টি ফিকেট না থাকার কারণে মাতৃত্বকালীন ভাতা থেকে বঞ্চিত হচ্ছেন।		
---	--	--

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা, টুজিপাড়া উপজেলায় "ক" শ্রেণীর গৃহহীন ও ভূমিহীনদের জন্য ঘর নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া শীতার্থ মানুষের মাঝে কঞ্চোল বিতরণের জন্য বরাদ্দ এসেছে। স্ব স্ব উপজেলা হতে কঞ্চোল ক্রয় করে বিতরণ করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	---0---	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা টুজিপাড়া
---	---------	---

উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা শিক্ষা কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বই বিতরণের কথা থাকলেও পঞ্চম শ্রেণীর বই এখনো আসে নাই। মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য বিধি মেনে বই বিতরণের জন্য নির্দেশনা দিয়েছেন। নতুন করে ০৯টি বিদ্যালয়ে ভবন এসেছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ বিদ্যালয় কর্তৃক বই বিতরণের সময় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।	১। উপজেলা শিক্ষা কর্ম কর্তা টুজিপাড়া
--	---	---------------------------------------

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক এ্যাসাইনমেন্ট কার্যক্রমের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে এ্যাসাইনমেন্ট গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রম গত ২০ তারিখে সম্পন্ন হয়েছে। এ বছর করোনা ভাইরাসের কারণে ভর্তি কার্যক্রম লটারীর মাধ্যমে সম্পন্ন করা হবে। ২০২১ সালের নতুন বই ৪৫% সরকারি ভাবে পেয়েছি। বাকী বই পুরাতন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে সংগ্রহ করার নির্দেশনা এসেছে। নির্দেশনা অনুযায়ী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বই সংগ্রহ করা হচ্ছে। বই বিতরণের বিষয়ে এখনো কোন নির্দেশনা আসেনি। নির্দেশনা পেলে সে অনুযায়ী বই বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ বই বিতরণের আগে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নিয়ে একটি সভা করার জন্য অনুরোধ জানান। প্রতিটি ছাত্র/ছাত্রী যাতে পুরাতন বইয়ের সাথে নতুন বইও পায় এবং কোন ছাত্র/ছাত্রী সম্পূর্ণ নতুন পুরাতন বই না পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা টুজিপাড়া
--	---	--

উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্র চালু হবে আগামী জুন.২০২১ মাস থেকে। ভিজিডি চক্রের তালিকা সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, মাতৃত্বকালীন ভাতা গোপালপুর ইউনিয়নের কিছু সমস্যা আছে এবং বর্নি ইউনিয়নের পূর্ণাঙ্গ তালিকা এখনো মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয় জমা হয়নি। দ্রুত তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	১। প্রস্তাবটি সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুজিপাড়া।
---	---	--

উপজেলা কৃষি কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা কৃষি কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, টুজিপাড়া উপজেলায় ১৪৪২৬ জন কৃষক কে প্রনোদনা হিসেবে বীজ ও সার প্রদান কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে উপজেলা সর্বত্র ধান চাষাবাদ চলছে। কিন্তু চাষাবাদে ফসল উৎপাদনে চরম বাধা ইঁদুর। গত বছর ইঁদুর নিধনের জন্য প্রনোদনা দেওয়া হবে মর্মে ঘোষণা দেওয়া হয়েছিল। একই রকম প্রনোদনা উপজেলা পরিষদ হতে এবারও দেওয়ার অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, ফেব্রুয়ারী মাসের শেষের দিকে খালের মাধ্যমে বিল গুলোতে লবন পানি ডুকতে শুরু করবে তাই যাতে বিলে লবন পানি না ডুকতে পারে সেজন্য খাল গুলোতে অস্থায়ী বাঁধ নির্মাণের অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।		১। উপজেলা কৃষি কর্ম কর্তা টুজিপাড়া
--	--	-------------------------------------

উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, এই উপজেলায় গবাদী পশুকে ৩৬০০ কৃষি নাশক ঔষধ এ্যাপসের মাধ্যমে খামারীদের বাড়ীতে যেয়ে খাওয়ানো হবে এবং ভ্যাক্সিনেশন করা হবে। প্রতিটি ইউনিয়নে ৬টি করে ক্যাম্প হবে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>১। উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	--

উপজেলা সমবায় কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্য ক্রমপরিচালনা করছে। টুঞ্জিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্য লয়ের নজর এড়িয়ে কার্য ক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ- ২৬৭৭০০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্য লয়ের আওতায় বাস্তবায়নধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঞ্জিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ৭১০০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৩২৯১০৩/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ৩৪,৭০,৬০০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ খেলাপী ঋণ আদায়ের জন্য বিধি মোতাবেক সার্টি ফিকেট মামলা করার জন্য অনুরোধ জানান।</p>	<p>১। উপজেলা সমবায় কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	--	--

উপজেলা সমাজসেবা কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমাজ সেবা কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, আগামী ১৪ জানুয়ারী, ২০২১ তারিখ জি২পি কার্যক্রমের শুভ উদ্বোধন হবে। কিন্তু এ উপজেলায় ২১৬৮ টি তথ্য এমআইসি সফটওয়্যারে ঢুকতে পারিনি। আগামী ১০ কার্য দিবসের মধ্যে যে সকল ভাতা ভোগীর তথ্য অনলাইনে এমআইসি সফটওয়্যারের মাধ্যমে ঢুকানো হয়নি তাদের দ্রুত উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করে তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। অন্যথায় তাদের ভাতা দেওয়া সম্ভব হবে না। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান এবং প্রতিটি ইউনিয়নে মাইকিং করানো অনুরোধ জানান।</p>	<p>১। উপজেলা সমাজ সেবা কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	--	---

উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্য লয় বাপাউবো, টুঞ্জিপাড়া

<p>সভায় উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, টুঞ্জিপাড়া জানান যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক খালে অস্থায়ী বাঁধ নির্মাণে বরাদ্দ সংকট রয়েছে। তবে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হলে এ বিষয়ে ব্যবস্থা নেওয়া যাবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ সভায় ধান চাষাবাদ রক্ষায় যাতে বিলে লবনাক্ত পানি প্রবেশ করতে না পারে সেজন্য নিম্ন লিখিত ০৯টি খালে অস্থায়ী বাঁধ নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (১) মোল্লাবাড়ীর খাল, (২) বেপারীবাড়ী খাল, (৩) চাঁদের খাল, (৪) তরিকুল্লার খাল (৫) ঘাটের খাল, (৬) ফকির বাড়ীর খাল, (৭) আগা তারাইলের খাল (৮) ছোট দাড়ার খাল (৯) গাংনী খাল।</p>	<p>১। উপ- বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, টুঞ্জিপাড়া।</p>
--	--	--

উপজেলা পঃপঃ কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্ম কর্ত, টুঞ্জিপাড়া জানান যে, দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। আগামী ০৬ থেকে ০৮ ডিসেম্বর, ২০২১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র গুলোতে সেবা সপ্তাহ, ২০২১ পালিত হবে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পঃপঃ কর্ম কর্তার কার্য লয় ৩১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নিয়মিত নরমাল ডেলিভারী করানো হয়। গোপালপুর ইউনিয়নের স্বাস্থ্য কেন্দ্রে সমস্যা হচ্ছে। স্বাস্থ্য কেন্দ্রের জন্য আসা আসবাবপত্র ইউনিয়ন পরিষদে জায় গা না হওয়ায় পাশ্ববর্তী মুক্তিযোদ্ধাদের ঘরে রাখা হয়েছিল। উক্ত ঘরটি এখন খালি করার জন্য আমাদের অনুরোধ জানাচ্ছেন। এমতাবস্থায়, আসবাবপত্রগুলো রাখার ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>---0---</p>	<p>১। উপজেলা পঃপঃ কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
--	----------------	--

উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া জানান যে, স্থানীয় সরকার বিভাগ হতে এডিপি প্রকল্পের ১ম ও ২য় বরাদ্দ পাওয়া গেছে। কিন্তু এডিপি কাজের জন্য এখন পর্যন্ত কোন ইউনিয়ন হতে তালিকা প্রদান করা হয়নি। দ্রুত তালিকা প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, জলবায়ু পরিবর্তন প্রকল্পের আওতায় গোপালপুর ইউনিয়নের জোয়ারিয়া রাস্তার পাশে গাছ লাগানো হয়েছিল। কিন্তু উক্ত গাছ গুলো কে বা কাহারো ভেঙ্গে নষ্ট করে ফেলেছে।। উক্ত বিষয়েও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, কোভিড- ১৯, করোনা ভাইরাসের প্রতিরোধ মূলক সুরক্ষা সামগ্রী ক্রয়ের জন্য ১,০৭,০০০/= (এক লক্ষ সাত হাজার টাকা) পাওয়া গেছে এবং মাস্ক ক্রয়ের জন্য ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ দিয়ে করোনা ভাইরাসের প্রতিরোধ মূলক সামগ্রী ও মাস্ক ক্রয়ের জন্য একটি প্রকল্প কমিটি গঠনের জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, গত ২১/১২/২০২০ তারিখে গওহরডাঙ্গা মাদ্রাসা থেকে একটি স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া এর কার্য লয়ে আবেদন করেছেন। জনস্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত কাজ বাস্তবায়ন না করা হলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, টুঞ্জিপাড়া জানান যে, গওহরডাঙ্গা মাদ্রাসায় স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ করা হলে তার দপ্তরের কোন আপত্তি নেই। সভায় উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া জানান যে, উক্ত কাজের জন্য ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলনও প্রস্তুত করা হয়েছে। পিআইসি কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ (১) এডিপি প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। (২) কোভিড- ১৯ করোনা ভাইরাসের প্রতিরোধ মূলক সুরক্ষা সামগ্রী ও মাস্ক ক্রয়ের জন্য নিম্নলিখিত জনপ্রতিনিধি ও ব্যক্তিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। (১) জনাব জাবের বিশ্বাস, সদস্য, চনং ওয়ার্ড, পাটগাতী ইউনিয়ন পরিষদ, সভাপতি, (২) জনাব ফারুকজামান মিয়া, সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর, কার্য লয় সদস্য সচিব, (৩) জনাব নিখিল চন্দ্র ঘরামী, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্য লয় (৪) জনাব ইমরান চৌধুরী, সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, (৫) জনাব আবু তালেব, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলীর কার্য লয় সদস্য। (৩) গওহরডাঙ্গা মাদ্রাসায় স্যানিটারী ল্যাট্রিন নির্মাণের সিদ্ধান্ত সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। উক্ত কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিত ব্যক্তিদের সমন্বয়ে একটি ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। (১) জনাব মফিদা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য ৪, ৫ ও ৬নং ওয়ার্ড, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া।- সভাপতি, (২) জনাব হাঃ মোঃ মোস্তফা শেখ, শিক্ষক,- সদস্য সচিব, (৩) জনাব হাঃ মোঃ আবুল হাসানাত, ইমাম, (৪) জনাব মাওঃ আঃ সালাম, (৫) জনাব মাওঃ শরীফুল ইসলাম, গন্যমান্য ব্যক্তি, (৬), জনাব মাওঃ জাফরুল হাসান, শিক্ষক, (৭) জনাব মাওঃ ইব্রাহীম খলিল, শিক্ষক- সদস্য।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া ২। উপজেলা নির্বাহী অফিসার, টুঞ্জিপাড়া ৩। উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া।</p>
---	--	--

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, টুঞ্জিপাড়া এর কার্য লয়

<p>সভায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, টুঞ্জিপাড়া জানান যে, আগামী ১২ ডিসেম্বর, ২০২০ ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত যথাযথ ভাবে পালিত হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>(১) সভায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, টুঞ্জিপাড়া</p>
--	----------------	--

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া

<p>সভায় ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া জানান যে, মুজিব বর্ষে পল্লী বিদ্যুৎ ৫০ কিলোওয়াট পর্যন্ত স্প্যান লাইন ফ্রি প্রদান করছেন। উপজেলাতে শতভাগ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, প্রায় সব জায়গায় বর্তমানে মেইন লাইন থেকে সরাসরি বিদ্যুৎ লাইন টেনে রাতের বেলা র্যাকেট খেলা হচ্ছে। উক্ত লাইন নেওয়া যেমন ঝুঁকিপূর্ণ তেমনি বিদ্যুতেরও অপচয়। এ ধরনের অবৈধ লাইন নিয়ে যাতে র্যাকেট খেলা না হয়। সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলার বিভিন্ন স্থানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিল আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ২৭টি ঘর নির্মাণ করা হয়েছে। উক্ত ঘর গুলোতে দ্রুত বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য অনুরোধ জানান।</p>	<p>(১) ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া।</p>
---	--	--

সহকারী প্রকৌশলী, বিএডিসি এর কার্য লয়

<p>সভায় সহকারী প্রকৌশলী, বিএডিসি, টুঙ্গিপাড়া জানান যে, তার কার্য লয়ে জমিতে সেচ প্রদানের জন্য ০৪টি আবেদন হয়েছে। কিন্তু নীতিমালা অনুযায়ী সেচের জন্য কমপক্ষে ৩০ বিঘর জমি থাকতে হবে এবং উপজেলা সেচ কমিটির সাথে একটি যৌথ একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট নাম্বার ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিলে বিএডিসি কর্তৃক ছাড়পত্র প্রদান করা যাবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ সেচের জন্য আবেদনকারীদের দ্রুত ছাড়পত্র ও সেচের স্থানে বিদ্যুৎ লাইন দেওয়ার অনুরোধ জানান।</p>	<p>১। ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া ২। সহকারী প্রকৌশলী, বিএডিসি, টুঙ্গিপাড়া</p>
--	--	---

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), টুঙ্গিপাড়া এর কার্য লয়

<p>সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের, ইউজিডিপি, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত ২২/১২/২০২০ খ্রিঃ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভায় সক্ষমতা বিষয়ক প্রশিক্ষণের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে। তালিকাটি সভায় পড়ে শুনান (১) করোনা মোকাবেলায় স্বাস্থ্য কর্মী, স্থানীয় ডাক্তার ও জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ (২) কৃষক পর্যায় জৈব পদ্ধতির ব্যবহার বৃদ্ধিকরণের লক্ষ্যে ভার্মি কম্পোস্ট এর গুরুত্ব, প্রস্তুতি ও পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণ (৩) যুবতী মহিলা/মেয়েদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে খাদ্যে প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপন্ন বিষয়ক প্রশিক্ষণ (৪) নিরাপদ ফল ও সবজি উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও সংগ্রহোত্তর রোগবালাই দমন বিষয়ক প্রশিক্ষণ, (৫) বেকার যুবক ও যুবতীদের অন-লাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ (৬) আধুনিক পদ্ধতিতে বেকার যুবক ও মহিলাদের ব্লাকবেঞ্জাল ছাগল পালন ও খামার স্থাপন বিষয়ক প্রশিক্ষণ। (৭) টুঙ্গিপাড়া উপজেলার পাঁচটি ইউনিয়নের মহিলাদের হাঁস-মুরগী পালন ও ভ্যাক্সিন প্রদান বিষয়ক প্রশিক্ষণ। সভায় তিনি আরও জানান যে, অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য ০৩টি প্রকল্প প্রস্তাবনা এসেছে প্রকল্পগুলি (১) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আল্ট্রাসোনোগ্রাম মেশিন সরবরাহ। (২) উপজেলার বিভিন্ন কৃষি সমিতিদের মাঝে পাওয়ার ট্রিলার যন্ত্র সরবরাহ। (৩) উপজেলার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে সোলার/স্ট্রীট লাইট সরবরাহ। উল্লেখিত সক্ষমতা অর্জন ও অবকাঠামো উন্নয়ন বিষয়ক প্রকল্পগুলি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ প্রকল্পগুলি সভায় সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। সভার কার্য বিবরণী প্রকল্প কার্য লয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।</p>	<p>১। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের, ইউজিডিপি, টুঙ্গিপাড়া</p>
---	---	---

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ সোলায়মান বিশ্বাস)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-১১৪৮

তারিখঃ ২৯/১২/২০২০ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা কর্মকর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব


(এ.কে. এম. হেদায়েতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২

কুশলী ইউনিয়ন

- ১। কুশলী ভূমিহীনদের জন্য বাসস্থান সংলগ্ন স্থানে খালে ঘাটলা নির্মান।
- ২। কুশলী হাসান গাজীর ঘাটে ঘাটলা নির্মান।
- ৩। কুশলী মেইন রাস্তা হতে উপজেলা আওয়ামীলীগের সভাপতির বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা নির্মান।

বর্নি ইউনিয়ন

- ১। গজালিয়া পশ্চিমপাড়া মহা বিশ্বাসের বাড়ীর কবরস্থানের পাশে খালের ঘাটে ঘাটলা নির্মান।

গোপালপুর

- ১। গোপালপুর মূত্রডাঙ্গা মেইন রাস্তা হতে সুমিতদের বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান ১২০ ফুট।
- ২। গুয়াখানা অনন্ত পাটারীর বাড়ীর সামনে খালে ঘাটে ঘাটলা নির্মান।
- ৩। চাপরাইল গনেশ পাগলের সেবাশ্রমের গণপুকুরে ঘাটলা নির্মান।
- ৪। গোপালপুর বিপুল চন্দ্র বিশ্বাস বাড়ীর সামনে নদীতে ঘাটলা নির্মাণ।
- ৫। সোনাখালী শেখ জাকির মৎস্য এন্ড ডেইরী ফার্মের সামনে খালে ঘাটলা নির্মাণ।

পাটগাতী

- ১। মল্লিকের মাঠ ভূমিহীনদের জন্য বাসস্থান সংলগ্ন স্থানে খালে ঘাটলা নির্মান।
- ২। পাঁচকাহনীয়া মোঃ মিজানুর রহমানের বাড়ীর সামনে নদীতে ঘাটলা নির্মান।
- ৩। গিমাডাঙ্গা পূর্ব পাড়া হাসমত বিশ্বাসের বাড়ীর সামনে খালে ঘাটলা নির্মান।
- ৪। গিমাডাঙ্গা চরপাড়া গুচ্ছ গ্রামের মেইন রাস্তা হতে চান মিয়া ফকির (চান্দু ফকির) এর বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান।
- ৫। গিমাডাঙ্গা মেইন রাস্তা হতে হাবিল মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সোলিং নির্মান।

ডুমুরিয়া

- ১। লেবুতলা শতীষ মন্ডলের পুকুর থেকে রাজেন্দ্র বসুর খাল পর্যন্ত পানি নিষ্কাশনের জন্য পাইপ স্থাপন।
- ২। বড় ডুমুরিয়া সজল পান্ডের বাড়ীর সামনে খালে ঘাটলা নির্মান।
- ৩। ডুমুরিয়া ভারানীর খালের কাঠের ব্রীজ সংস্কার।
- ৪। পাকুড়তিয়া শহীদ মীর এর বাড়ীর সামনে খালে ঘাটলা নির্মান।

- ১। নারী উন্নয়ন ফোরামের ৩% অর্থ দিয়ে বাচ্চাদের জন্য বাই সাইকেল ক্রয়।
- ২। শেখ সাহেরা খাতুন রেড ক্রিসেন্ট হাসপাতালের জন্য আসবাবপত্র সরবরাহ কাজ - ২,০০,০০০/=